শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.৪৫.০২২.১০.৫৪.০৫৪.১৯-৪৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভা) এর জন্য মুদ্রিত পোস্টার সংগ্রহ এবং বকেয়া বিল পরিশোধ সংক্রান্ত।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখা এর স্মারক নং-১৩২৩, তারিখ: ২৯/১২/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে বছর ব্যাপী প্রচারের নিমিত্ত তাঁর জেলাধীন উপজেলাসমূহের জন্য নির্ধারিত সংখ্যক পোষ্টার বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিমিটেড (BMTF) এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে মূল্য পরিশোধ সাপেক্ষে [BMTF এর ৩০৮, রায়েরবাজার অফিস হতে] সংগ্রহপূর্বক উপজেলা পরিষদে সরবরাহের জন্য এ বিভাগ হতে গত ১২/০৩/২০২০ তারিখে ১৭৮ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি (BMTF) এর পত্র পর্যালোনায় দেখা যায় ১০ টি জেলার (চাঁদপুর, কুষ্টিয়া, মাগুরা, সুনামগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, লালমনিরহাট) উপজেলা পরিষদসমূহ এখনও পোস্টার সংগ্রহ এবং টাকা পরিশোধ করে নাই।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (BMTF) অফিসে মজুদকৃত পোস্টারসমূহ অধিযাচন অনুযায়ী মূল্য পরিশোধ সাপেক্ষে জুরুরি ভিত্তিতে সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১৯/০১/২০২১.
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক

..............................।

অনুলিপি:

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (BMTF), গাজীপুর, ঢাকা।
২। উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (উল্লেখিত ১০টি জেলা)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (উল্লেখিত ১০টি জেলা)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\PC-1\Letter.Docx

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

**বিষয়: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভা) এর জন্য মুদ্রিত পোস্টার সংগ্রহ এবং বকেয়া বিল পরিশোধ।**

সূত্র : ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.১৯-২৮১, তারিখ: ০১ মার্চ ২০২০;
২. বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী এর স্মারক এমটি/ইপিআই/চিলি/২৮/১০/৫/১১১, তারিখ: ২৫ আগস্ট ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষে জাতীয় বাস্তবায়ন কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ৯টি পোস্টারের নমুনা চূড়ান্ত করে। গত ১৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত (কপি সংযুক্ত) অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের স্ব স্ব শাখা/ অধিশাখা হতে তাদের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠান (সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ)-সমূহের পোস্টারের অধিযাচন BMTF বরাবর প্রেরণ করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব খাত হতে স্ব স্ব অধিযাচন অনুযায়ী পোস্টারের মূল্য BMTF -কে পরিশোধ করবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

২। কিন্তু, বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরি (BMTF) হতে সূত্রস্থ ২ নং স্মারকে জানানো হয়েছে, বিভিন্ন জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ এর অনুকূলে এখনও ১৫,৩৮,৯৮৮টি পোস্টার বিতরণ বাকি রয়েছে, যার মূল্য ২,৩০,৮৪,৮২০.০০ (দুই কোটি ত্রিশ লক্ষ চুরাশি হাজার আটশত বিশ) টাকা। জেলাভিত্তিক বিতরণ বকেয়া রয়েছে-এমন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তালিকা এসাথে সংযুক্ত।

৩। এমতাবস্থায়, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদসমূহের অধিযাচন অনুযায়ী মূল্য পরিশোধ সাপেক্ষে অসংগৃহীত পোস্টার জরুরি ভিত্তিতে সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনানমতে।

২৯/১২/২০২০

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫
ই-মেইলঃ lgcc1@lgd.gov.bd

১। অতিরিক্ত সচিব (উপজেলা/ ইউনিয়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (প্রশাসন/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (পৌর-১/পৌর-২/উপজেলা-১/উপজেলা-২/ জেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ-১/ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভা

অনুলিপি: ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী, জয়দেবপুর, গাজীপুর।

ইউও নোট নং-৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.১৯.১৩২৩

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

A/O

BANGLADESH MACHINE TOOLS FACTORY LTD.
(A Commercial Enterprise under the Management of Bangladesh Army)
Factory : Joydebpur, Gazipur-1700, Tel : +88-02-9205091-6, Fax: +88-02-9205097
MKT : bmtf_mkt@yahoo.com, fin : bmtf.finance14@gmail.com, P&T : pntbmtf@gmail.com
Prowlo: lcbmtf@gmail.com Adimin, Br: admin@bmtf.com.bd, Amu: storebmtf@gmail.com, www.bmtf.com.bd
Corporate Office : House # 41, Road# 7, Dhaka Cantt, Dhaka-1206, Phone : +88-02-8871150, Fax : +88-02-8871893

এমটি/ইপিআই/চিলি/২৮/১০/৫/ ৭১১

তারিখ ঃ ২৫ আগষ্ট ২০২০

প্রতি,

সিনিয়র সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী পালন উপলক্ষে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এর জন্য নির্ধারিত মুদ্রণকৃত অসংগৃহীত পোস্টার সংগ্রহ এবং বকেয়া মূল্য পরিশোধ প্রসংগে**

বরাত ঃ

ক। স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা পত্র নং-৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.১৯-৩৩১, তারিখ ১১ মার্চ ২০২০।
খ। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা পত্র নং-৪৬.০০.০০০০.০৪৫.০২২.১০.৫৪.০৫৪.১৯-১৪৯, তারিখ ০৩ মার্চ ২০২০।
গ। স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখা পত্র নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০০২.১৫(৩)-৪০২, তারিখ ১০ মার্চ ২০২০।
ঘ। স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখা পত্র নং-৪৬.০০.০০০০.০৬৪. ৩২.২০৮.২০-২৬৫, তারিখ ০৩ মার্চ ২০২০।
ঙ। স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখা পত্র নং-৪৬.৪২.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.১৯-২৮২, তারিখ ১১ মার্চ ২০২০ এর সূত্রোক্ত-০১।

১। বরাত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী পালন উপলক্ষে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এর জন্য নির্ধারিত পোস্টার যথাসময়ের মধ্যে মুদ্রণপূর্বক প্রস্তুত রাখা হয়েছে। বিভিন্ন সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ৫১,২০,২১২ পিস পোস্টার ডেলিভারী নেয়া হয়েছে এবং ১৫,৩৮,৯৮৮ পিস পোস্টার ডেলিভারী নেয়া বাকী আছে, যার মূল্য ২,৩০,৮৪,৮২০.০০ (দুই কোটি ত্রিশ লক্ষ চুরাশি হাজার আটশত বিশ মাত্র) টাকা। যে সকল জেলাসমূহের (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) পোস্টার ডেলিভারী নেয়া হয় নাই সে সকল জেলাসমূহের নামীয় তালিকা ক্রোড়পত্র 'ক' অনুযায়ী প্রেরণ করা হলো। গাজীপুর সিটি কর্পোরেশনের ১,০০,০০০ পিস পোস্টার ডেলিভারী দেয়া হয়েছে। উক্ত পোস্টারের মূল্য বাবদ ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ মাত্র) টাকা অদ্যাবধি পাওয়া যায়নি। উল্লেখিত (১৫,৩৮,৯৮৮ পিস) পোস্টার ডেলিভারী নেয়া না হলে বিএমটিএফ বিপুল পরিমান আর্থিক ক্ষতির সম্মুখীন হবে। এমতাবস্থায়, যে সকল জেলাসমূহ (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) মূল্য পরিশোধ স্বাপেক্ষে এখনও পোস্টার ডেলিভারী নেয়নি তাদের পোস্টার ডেলিভারী নেয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

২। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ মাহমুদ রেজা
লেঃ কর্নেল
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ: ০১/০৯/২০
নং: ৫৪

ক্রোড়পত্র 'ক'

## যে সকল জেলাসমূহের পোস্টার আংশিক/সম্পূর্ণ ডেলিভারী নেয়া হয় নাই সে সকল জেলাসমূহের নাম

| ক্রমিক | জেলার নাম | ইউনিয়ন পরিষদ | উপজেলা পরিষদ | পৌরসভা | জেলা পরিষদ |
|---|---|---|---|---|---|
| ১. | নোয়াখালী | √ | √ | √ | × |
| ২. | ঢাকা | √ | √ | √ | × |
| ৩. | কিশোরগঞ্জ | × | √ | √ | × |
| ৪. | রাজবাড়ী | × | √ | √ | √ |
| ৫. | শরিয়তপুর | × | √ | √ | × |
| ৬. | টাংগাইল | × | √ | √ | √ |
| ৭. | চাঁদপুর | √ | × | √ | √ |
| ৮. | পাবনা | × | √ | √ | √ |
| ৯. | যশোর | × | √ | √ | √ |
| ১০. | কুষ্টিয়া | × | × | × | √ |
| ১১. | মাগুরা | × | × | √ | × |
| ১২. | সাতক্ষীরা | × | √ | √ | × |
| ১৩. | পটুয়াখালী | √ | √ | √ | × |
| ১৪. | হবিগঞ্জ | × | √ | √ | √ |
| ১৫. | সুনামগঞ্জ | × | × | × | √ |
| ১৬. | ঠাকুরগাঁও | × | √ | √ | √ |
| ১৭. | গোপালগঞ্জ | × | × | × | × |
| ১৮. | মাদারীপুর | × | × | × | × |
| ১৯. | বরগুনা | × | × | × | × |
| ২০. | ঝালকাটি | × | × | × | × |
| ২১. | পিরোজপুর | × | × | × | × |
| ২২. | লালমনিরহাট | × | × | × | × |

নোটঃ

১। (√) পোস্টার ডেলিভারী নেয়া হয়েছে।

২। (×) পোস্টার ডেলিভারী বাকী আছে।